

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপসা, খুলনা।

স্মারক নং- ১৬৭

তারিখ: ৩০/০৪/২০২৪ খ্রি.

বিসিআইসি সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর আলোকে খুলনা জেলার রূপসা উপজেলায়, আইচগাতি ইউনিয়নের জন্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির গত ২৭/০২/২০২৪ তারিখের এবং জেলা সার ও বীজ মনিটরিং কমিটির গত ১৮/০৩/২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ০১ জন বিসিআইসি সার ডিলার নিয়োগের জন্য সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ এর ৩ ও ৪ নং অনুচ্ছেদে বর্ণিত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ডিলারশীপের জন্য আবেদনকারীর যোগ্যতাঃ

১. তাঁকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলার/জেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমান হিসাবে জাতীয় পরিচয়পত্র এবং ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ দাখিল করতে হবে।
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় ইউনিয়ন পরিষদে বিক্রয় কেন্দ্রসহ কমপক্ষে ৫০ মেঘ টন ধারন ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে।
৩. বস্তাবদ্ধি সার যথাযথ ভাবে সংরক্ষণের জন্য গুদামটির ভিটি উচু ও পাকা থাকতে হবে।
৪. আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল হতে হবে এবং আর্থিক স্বচ্ছলতার প্রমান হিসাবে তাঁর কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক
৫. স্বচ্ছলতার সনদ থাকতে হবে।
৬. ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৭. আবেদনকারীর বয়স নুনতম ১৮ বছর হতে হবে।
৮. ইতোপূর্বে শাক্তিমূলক ব্যবস্থা হিসাবে কারও সার ডিলারশীপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন।

আবেদনপত্র জমাদানের শর্ত:

১. আবেদনকারীকে নিজস্ব প্যাডে আবেদনপত্র দাখিল করতে হবে।
২. আবেদনপত্রের সংগে জন্ম নিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয় পত্র, এসএসআই/সমমান পরীক্ষার সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ছবি ৪ (চার) কপি, ট্রেড লাইসেন্সের কপি, দোকান/গুদামের মালিকানা দলিলাদি অথবা ভাড়া চুক্তিনামা কপি এবং ব্যাংক স্বচ্ছলতার সনদপত্রের কপি অত্র উপজেলার প্রথম শ্রেণীর একজন গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়ন করে দাখিল করতে হবে।
৩. ডিলারশীপের জন্য আবেদনকারীর ব্যবসার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে ও তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।
৪. আবেদনপত্রের সংগে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।
৫. একই সাথে জেলা প্রশাসক (সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, খুলনা) বরাবর আর্নেস্টমানি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরত যোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দলিলিক অসত্যতা অথবা সংযোজিত কাগজপত্র ভুয়া বা জাল বলে প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষনা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অসফল আবেদনকারীরদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। সফল আবেদনকারীর আর্নেস্টমানি বিসিআইসি'র সাথে চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

আবেদনপত্র ০২/০৫/২০২৪ খ্রি. হতে ১৩/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালিন সময় সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য-সচিব ও উপজেলা কৃষি অফিসারের দপ্তরে দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের আগে বা পরের কোন আবেদন গৃহিত হবে না। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি রূপসা, খুলনা এই নিয়োগ প্রক্রিয়াটির সিদ্ধান্ত প্রহণের ক্ষমতা সংরক্ষণ করিবেন। এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(কোহিনুর জাহান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

রূপসা, খুলনা।